



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/21/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল 18-19 আগস্টের তীব্র আবহাওয়ার দ্বারা ক্ষতিগ্রস্ত সম্প্রদায়সমূহের জন্য রাষ্ট্রপতি বাইডেনের মুখ্য দুর্যোগ ঘোষণা নিশ্চিত করেছেন

ঘোষণাটি সাফোক, ওসওয়োগো এবং লুইস কাউন্টির জন্য ফেডারেল দুর্যোগ সহায়তা প্রদান করে

এছাড়াও প্রাণহানি হ্রাস ও সম্পদ রক্ষা করতে দীর্ঘমেয়াদি ব্যবস্থা গ্রহণকে সমর্থন করার জন্য FEMA এর দুর্যোগ প্রশমন অনুদান কর্মসূচির অ্যাক্সেস নিউ ইয়র্ককে প্রদান করা হয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে 18 এবং 19 আগস্টের তীব্র আবহাওয়ার দ্বারা ক্ষতিগ্রস্ত সম্প্রদায়সমূহকে ফেডারেল সহায়তা প্রদান করার জন্য একটি মুখ্য দুর্যোগ ঘোষণার (Major Disaster Declaration) জন্য তার অনুরোধকে রাষ্ট্রপতি বাইডেন অনুমোদিত করেছেন। এই ঘোষণাটির ফলে সাফোক, ওসওয়োগো এবং লুইস কাউন্টিতে সরকারি অবকাঠামোর পুনর্গঠন প্রয়াস সমর্থন করার জন্য ফেডারেল আর্থিক সহায়তা পাওয়া সম্ভব হবে। বাড়ির মালিকদের জন্য সরাসরি সমর্থনের ব্যাপারে রাষ্ট্রপতির সিদ্ধান্তের জন্য স্টেট অপেক্ষা করছে, এই সময়ে এই গ্রীষ্মকালে চরম আবহাওয়ার দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সাহায্য করতে আমরা সম্ভাব্য সবকিছু করা অব্যাহত রাখবো।

“18 এবং 19 আগস্টের তীব্র আবহাওয়া আমাদের স্টেটের কিছু অংশে ব্যাপক ক্ষতি করেছে এবং রাষ্ট্রপতি বাইডেন যে একটি মুখ্য দুর্যোগ ঘোষণার জন্য আমার অনুরোধকে অনুমোদিত করেছেন তার জন্য আমি কৃতজ্ঞ,” **গভর্নর হোকল বলেন।** “ক্ষতিগ্রস্ত ব্যক্তির পুনরুদ্ধার এবং পুনর্নির্মাণ প্রক্রিয়া শুরু করার জন্য যাতে প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ তহবিল লাভ করেন তা নিশ্চিত করার জন্য আমার প্রশাসন ফেডারেল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (Federal Emergency Management Agency, FEMA) এর সাথে কাজ চালিয়ে যাবে।”

একটি মুখ্য দুর্যোগ ঘোষণা প্রাথমিকভাবে [FEMA এর সরকারি সহায়তা কর্মসূচির \(Public Assistance Program\)](#) মাধ্যমে, ফেডারেল সরকারের কাছ থেকে আর্থিক সহায়তা নিশ্চিত করে এবং রাবিশ অপসারণ, সুরক্ষামূলক ব্যবস্থা গ্রহণ এবং রাস্তা, ব্রিজ, পানি ও বর্জ্যপানির পরিশোধনাগার, অতি গুরুত্বপূর্ণ অবকাঠামোর সাইট, স্কুল, পার্ক ও অন্যান্য ফ্যাসিলিটির মতো ভবন ও অবকাঠামো মেরামতের জন্য স্থানীয় সরকার ও যোগ্য অলাভজনক সংস্থাগুলিকে তহবিল প্রদান করবে।

এছাড়াও, ঘোষণার একটি অংশ হিসেবে, নিউ ইয়র্ককে FEMA এর বিপর্যয় প্রশমন অনুদান কর্মসূচির (Hazard Mitigation Grant Programs) অ্যাক্সেস প্রদান করা হয়েছে। রাষ্ট্রপতির একটি দুর্ভোগ ঘোষণা প্রদানের পর, প্রাণহানি হ্রাস এবং প্রাকৃতিক দুর্ভোগের দ্বারা ক্ষতিগ্রস্ত সম্পত্তির অবস্থার উন্নতি করতে স্থানীয় বিপর্যয় প্রশমন পরিকল্পনা এবং দীর্ঘমেয়াদি বিপর্যয় প্রশমন ব্যবস্থাকে সমর্থনকারী অনুদান কর্মসূচির পরিচালনা করলতে স্টেটসমূহকে FEMA তহবিল প্রদান করে। স্থানীয় সরকার এবং সরকারের মতো কাজ করে এমন নির্দিষ্ট অলাভজনক সংগঠন এইসব অনুদানের জন্য আবেদন করার যোগ্য হবে। স্টেটের সকল কাউন্টির কাছে এই তহবিলের জন্য আবেদন করার ক্ষমতা রয়েছে। আগামী মাসগুলিতে তহবিলের ব্যাপারে আরো তথ্য উপলভ্য হবে।

এই ঘোষণাটি ক্ষতিগ্রস্ত সম্প্রদায়সমূহকে পুনরুদ্ধারে সাহায্য করার জন্য গভর্নরের বহু সংখ্যক প্রয়াসের অন্তর্ভুক্ত। 23 আগস্ট, গভর্নর হোকল রেকর্ড বৃষ্টিপাতের কারণে সৃষ্ট আকস্মিক বন্যায় ক্ষতিগ্রস্ত বাড়ির মালিকদের সমর্থন করার জন্য একটি জরুরি অবস্থা (State of Emergency) এবং জরুরি সহায়তা ঘোষণা করেন। গভর্নর হোকলের নির্দেশে, নিউ ইয়র্ক হোমস ও কমিউনিটি রিনিউয়্যাল একটি জরুরী মেরামত কর্মসূচী চালু করেছে যা নাসাউ ও সাফোক কাউন্টিতে যোগ্য বাড়ির মালিকদের 50,000 মার্কিন ডলার অনুদান প্রদান করবে। লুইস কাউন্টিকে এই কর্মসূচির অ্যাক্সেস প্রদান করা হয় এবং একই সাথে এই গ্রীষ্মকালের শুরুতে চরম আবহাওয়ার পরবর্তীতে মার্কিন যুক্তরাষ্ট্রের ক্ষুদ্র ব্যবসা প্রশাসন (U.S. Small Business Administration) থেকে স্বল্প সুদে ঋণ প্রদান করা হয়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)